৫৯৬

দৈনিক জনকণ্ঠ

দৈনিক সংবাদ

AUG. 3 1 1999

তারিখ ... AUG. ৩১ 1999
পৃঃ ১১ কলাম ... ৩

# অনুমতি ছাড়া বিদেশ গমন কৃঃ বিঃ শিক্ষক চাকরিচ্যুত

(কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ময়মনসিংহ ঃ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিদেশ যাওয়ার কারণে পশুপুষ্টি বিভাগের শিক্ষক বিশ্বজিত সুর চৌধুরীকে চাকরিচ্যুত করা হয়েছে। এই সিদ্ধান্ত চলতি বছর ২৪শে মার্চ থেকে কার্যকর হবে।

## শাস্তি প্রত্যাহার

ঘুমন্ত অবস্থায় ঈশা খাঁ হলের দু' ছাত্রকে মারধর করায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার আদেশপ্রাপ্ত কৃষি অনুষদের ছাত্র আলমগীর মহিউদ্দিন কবির পায়াছ এবং মিজানুর রহমান দোলনের বহিস্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে।

শাস্তিপ্রাপ্ত দু' ছাত্র মিজানুর রহমান দোলন এবং আলমগীর মহিউদ্দিন কবির পায়াছের অভিভাবকদের আবেদনের পরিপ্রেক্ষিতে সিন্ডিকেটের ২৪০তম অধিবেশনে শাস্তি প্রত্যাহারের সিদ্ধান্ত নেয় কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

## পরীক্ষা বাতিল

পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় বগুড়াস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব কৃষি কলেজের ৪ জন ছাত্রের ১৯৯৭ সালের বিএসসি (এজি পার্ট ওয়ান) পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। যেসকল ছাত্রের পরীক্ষা বাতিল করা হয়েছে তারা হলো মোঃ ফয়জুর রহমান (পিতা- আবদুর রহমান), রেজিস্ট্রেশন নম্বর ২৪৭৩৩, মোঃ আবদুর রহিম (পিতা- মোঃ আশরাফুল ইসলাম), রেজিঃ নং-২৪৭২৫, মোঃ কামরুজ্জামান নরদার (পিতা- মোঃ মোখলেছার রহমান), রেজিঃ নং ২৪৭৪৯। চারজন ছাত্রই ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএসসি (এজি পার্ট ওয়ান) ১৯৯৭ পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা শৃংখলা কমিটির ৭৫তম সভায় ২নং সিদ্ধান্তমূলে ৪ ছাত্রের পরীক্ষা বাতিল বলে ঘোষণা করা হয়।